

গবাদিপ্ৰাণি ও হাঁস-মুরগির টিকা: সংৰক্ষণ ও ব্যবহার নিৰ্দেশিকা

টিকাৰ নাম	সংৰক্ষণেৰ তাপমাত্ৰা ও মেয়াদ	প্ৰতি ভায়ালে টিকাৰ মাত্ৰা	ব্যৱহাৰবিধি	সেবা মূল্য (প্ৰতি ভায়াল)	মন্তব্য
গবাদিপ্ৰাণিৰ টিকা					
১। ক্ষুৰাৰোগ	২°-৮°সে.- ৬ মাস	১৬	গৰু/মহিষ-৬ সিসি চামড়ার নিচে বাহুর-৩ সিসি চামড়ার নিচে ছাগল/ভেড়া-২ সিসি চামড়ার নিচে	৪০০/-	৪ মাস বয়সে, ৪-৬ মাস অন্তৰ
২। তড়কা	২°-৮°সে.- ৬ মাস	১০০	গৰু/মহিষ/ঘোড়া-১ সিসি চামড়ার নিচে ছাগল/ভেড়া-০.৫ সিসি চামড়ার নিচে	৮০/-	৬ মাস বয়সে, ১ বছৰ অন্তৰ
৩। বাদলা	২°-৮°সে.- ৬ মাস	২০	গৰু/মহিষ-৫ সিসি চামড়ার নিচে ছাগল/ভেড়া-২ সিসি চামড়ার নিচে	৪০/-	৬ মাস-৩ বছৰ বয়সী প্ৰাণিতে, ৬ মাস অন্তৰ
৪। গলাফুলা	২°-৮°সে.- ৬ মাস	৫০	গৰু/মহিষ-২ সিসি চামড়ার নিচে ছাগল/ভেড়া-১ সিসি চামড়ার নিচে	৫০/-	২ বছৰ বয়সে, ৬ মাস অন্তৰ। এনজুটিক এলাকায় ৬ মাস বয়সী বাছুরে অৰ্ধেক মাত্ৰায়
৫। পিপিআৰ	-২০°সে.- ২ বছৰ ২°-৮°সে.- ৬ মাস	১০০	ছাগল/ভেড়া-১ সিসি চামড়ার নিচে	৭০/-	৪ মাস বয়সে, ১ বছৰ অন্তৰ। মায়ের টিকা না দেয়া থাকলে বাচায় ২ মাস বয়সে ১ম ডোজ, ৬ মাসে বুস্টার ডোজ
৬। ছাগলের বসন্ত	-২০°সে.- ১ বছৰ ২°-৮°সে.- ১ মাস	১০০	ছাগল/ভেড়া-১ সিসি চামড়ার নিচে	৭৫/-	২ মাস বা তদুৰ্ধ বয়সী ছাগল/ ভেড়ায় ১ বার
৭। জলাতংক (LEP)	-২০°সে.- ১ বছৰ ২°-৮°সে.- ৬ মাস	১ মাত্ৰা	কুকুৰ - ৩ সিসি মাংসে	৫০/-	৩ মাস বা তদুৰ্ধ বয়সে, ১ বছৰ অন্তৰ
৮। জলাতংক (HEP)	-২০°সে.- ১ বছৰ ২°-৮°সে.- ৬ মাস	১ মাত্ৰা	কুকুৰেৰ বাচা/বাহুর/বিড়াল/ছাগল ভেড়া/বানৰ-১.৫ সিসি, গৰু-৩ সিসি মাংসে	৫০/-	মায়ের টিকা না দেয়া থাকলে ২ মাস বয়সী কুকুৰেৰ বাচায়, পরে ৪ মাস বয়সে LEP
হাঁস-মুরগিৰ টিকা					
৯। বাচা মুরগিৰ রাণীক্ষেত (বিসিআৰডিভি)	-২০°সে.- ১ বছৰ -৫°-০°সে.- ৬ মাস ২°-৮°সে.- ১ মাস থার্মোফ্লাক্সে বৰফসহ-১ দিন	১০০	যেকোন এক চোখে - ১ ফোঁটা	২৫/-	৪-৭ দিন বয়সে, ১৪ দিন পর বুস্টার ডোজ
১০। বড় মুরগিৰ রাণীক্ষেত (আৰডিভি)	-৫°-০°সে.- ৬ মাস ২°-৮°সে.- ৪ মাস থার্মোফ্লাক্সে বৰফসহ- ১ দিন	১০০	মাংসে - ১ সিসি	২৫/-	২ মাস বয়সে, ৬ মাস অন্তৰ
১১। ফাউল পক্স	-২০°সে.- ১ বছৰ -৫°-০°সে.- ৫ মাস	২০০	পালকেৰ চামড়ায় খুঁচিয়ে	৫০/-	৩০ দিন বা তদুৰ্ধ বয়সী বাচায় ১ বার
১২। পিজিয়ন পক্স	-২০°সে.- ১ বছৰ -৫°-০°সে.- ৫ মাস	২০০	পালকেৰ চামড়ায় খুঁচিয়ে	৪০/-	৩-৭ দিন বয়সী মুরগি/৭ দিন বা তদুৰ্ধ বয়সী কবুতৰে ১ বার
১৩। হাঁস-মুরগিৰ কলেৰা	২°-৮°সে.- ৬ মাস	১০০	চামড়ার নিচে - ১ সিসি	৫০/-	২ মাস বয়সে, ৬ মাস অন্তৰ
১৪। সালমোনেলোসিস/ ফাউল টাইফয়েড	২°-৮°সে.- ৬ মাস	২০০	চামড়ার নিচে -০.৫ সিসি	২৪০/-	৪৫ দিন বয়সে, ১ মাস পর বুস্টার ডোজ, ৬ মাস অন্তৰ
১৫। গামবোৰো	-২০°-০°সে.- ১ বছৰ	১০০০	যেকোন এক চোখে - ১ ফোঁটা	২৫০/-	১০-২১ দিন বয়সে, ৭ দিন পর বুস্টার
১৬। ডাক প্লেগ	-২০°সে.- ১ বছৰ -৫°-০°সে.- ৬ মাস থার্মোফ্লাক্সে বৰফসহ-১ দিন	১০০	বুকেৰ মাংসে - ১ সিসি	৫০/-	২১-৩০ দিন বয়সে, ৬ মাস অন্তৰ
১৭। মাৰেক্স	-২০°সে.- ১ বছৰ ২°-৮°সে.- ৬ মাস	১০০০	চামড়ার নিচে -০.২ সিসি	৪০০/-	১ দিন বয়সে

টিকার গুণগতমান অক্ষুন্ন রাখতে করণীয়

১. তরল এবং হিমশঙ্ক উভয় প্রকার টিকা পরিবহন করতে বরফ/আইস ব্যাগসহ ফ্লাস্ক বা কুলবক্স ব্যবহার করুন। সঠিকভাবে টিকা সংরক্ষণ, পরিবহন এবং সময়মতো প্রয়োগ না করা টিকা অকার্যকর হওয়ার অন্যতম প্রধান কারণ।
২. তরল আকারে সরবরাহকৃত টিকাসমূহ রেফ্রিজারেটরে ২° থেকে ৮° ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় সংরক্ষণ করুন। এই টিকা শূন্য ডিগ্রি সেলসিয়াস বা তার নিচের তাপমাত্রায় সংরক্ষণ করা যাবে না। হিমশঙ্ক টিকাসমূহ শূন্য ডিগ্রি সেলসিয়াস বা তার নিচের তাপমাত্রায় বা বরফপাত্রে সংরক্ষণ করুন।
৩. হিমশঙ্ক টিকাসমূহ গুলাতে সরবরাহকৃত ডাইলুয়েন্ট (টিকার দ্রবণ) এবং যে সকল টিকার সাথে ডাইলুয়েন্ট সরবরাহ করা হয় না সেগুলোর ক্ষেত্রে বাজারেপ্রাপ্ত ডিস্টিল্ড ওয়াটার (পরিশুদ্ধ পানি) ব্যবহার করুন।
৪. হিমশঙ্ক টিকাসমূহ একবার ডাইলুয়েন্ট বা ডিস্টিল্ড ওয়াটারে মিশ্রিত করার পর ২ (দুই) ঘন্টার মধ্যে সম্পূর্ণ টিকার ব্যবহার শেষ করুন। ব্যবহৃত টিকা সংরক্ষণ করে পুনরায় ব্যবহার করা যাবে না।
৫. টিকা প্রয়োগের পূর্বে সিরিঞ্জ, সূঁচ ও আনুসঙ্গিক পাত্রসমূহ জীবাণুমুক্ত করে নিন।
৬. টিকা প্রয়োগের পর টিকার অব্যবহৃত অংশ, ভায়াল, বোতল, ক্যাপ, রাবার স্টপার, একবার ব্যবহার উপযোগী সূঁচ মাটির নিচে পুঁতে ফেলুন বা পুড়িয়ে ফেলুন।
৭. আপনার সুস্থ-সবল গবাদিপশু ও হাঁস-মুরগিতে নিয়মিত টিকা প্রয়োগ করুন।
৮. টিকা প্রয়োগের এক থেকে দুই সপ্তাহ পূর্বে গবাদিপশু ও হাঁস-মুরগিকে কৃমিনাশক ঔষধ সেবন করান।

নিয়মিত টিকার ব্যবহার, সুস্থ-সবল গবাদিপশু ও হাঁস-মুরগির অঙ্গীকার

আপনার গবাদিপশু ও হাঁস-মুরগিকে নিয়মিত টিকা প্রয়োগ করুন। নিয়মিত টিকার ব্যবহার আপনার গবাদিপশু ও হাঁস-মুরগিকে সংক্রামক রোগ থেকে রক্ষা করবে, চিকিৎসা ব্যয় কমে যাবে এবং উৎপাদন বৃদ্ধি পাবে। অসুস্থতার কারণে প্রায়শই এন্টিবায়োটিক ব্যবহার করতে হয়, নিয়মিত টিকা ব্যবহার করলে এন্টিবায়োটিকের ব্যবহার কমে যাবে এবং মানবজাতি এন্টিমাইক্রোবিয়াল রেজিস্টেন্সের ভয়াবহতা থেকে পরিত্রাণ পাবে। রোগ প্রতিরোধ করা রোগ চিকিৎসার চেয়ে উত্তম।



পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন

প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা কর্তৃক প্রকাশিত
প্রকাশকাল : জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ, সংখ্যা: ২৫,০০০ কপি

